

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd



জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬২.৭০.০০১.১৭.১৯

তারিখ: ২৩ পৌষ ১৪২৭

০৭ জানুয়ারি ২০২১

বিষয়: ই-নথিতে পত্রাদি পাঠানোর পরে হার্ডকপি প্রেরণের ক্ষেত্রে ই-নথিতে কপি পাঠানোর প্রমাণক হার্ড কপির সাথে সংযুক্ত আকারে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সকল সংস্থা/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর হতে ই-নথির মাধ্যমে পত্রাদি প্রেরণ করা হয়। উক্ত ই-নথির পত্রাদি প্রেরণের পর পুনরায় হার্ডকপি প্রেরণ করা হয়। কিন্তু ইতোপূর্বে ই-নথির মাধ্যমে পত্র প্রেরণের কোনো প্রমাণক হার্ডকপির সাথে প্রেরণ করা হয় না। ফলে উক্ত হার্ড কপি পুনরায় স্ক্যান করার প্রয়োজন হয়। এতে একই কাজ দুবার করতে হয়। এক্ষেত্রে সকল সংস্থা/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের ই-নথিতে কপি পাঠানোর পরে হার্ডকপি প্রেরণের ক্ষেত্রে ই-নথিতে কপি পাঠানোর প্রমাণক হার্ড কপির সাথে সংযুক্ত আকারে প্রেরণ করা প্রয়োজন।

২.০ এমতাবস্থায়, এ বিভাগের আওতাধীন সকল সংস্থা/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের ই-নথিতে কপি পাঠানোর পরে হার্ডকপি প্রেরণের ক্ষেত্রে ই-নথিতে কপি পাঠানোর প্রমাণক হার্ড কপির সাথে সংযুক্ত আকারে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭-১-২০২১

মোঃ শামসুল আলম
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫৮৫৫১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন
সংস্থাসমূহ।

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে
আপলোডকরণের অনুরোধসহ)

৩) সকল উইং/অধিশাখা ও শাখাসমূহ, মাধ্যমিক ও উচ্চ
শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

ইমেইল: as.admin2@moedu.gov.bd